



তথ্যবিবরণী

নম্বর- ০০৩

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী আগামীকাল রাজশাহী আসছেন

রাজশাহী; ২০ আষাঢ় (০৪ জুলাই):

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রী মুহাম্মদ ফারুক খান, এমপি আগামীকাল শুক্রবার (০৫ জুলাই) দুইদিনের সরকারি সফরে রাজশাহী আসবেন। দুপুর বারোটায় বিমানযোগে তিনি রাজশাহী এসে পৌঁছবেন।

ওইদিন বিকাল পাঁচটায় রাজশাহী কালেক্টরেট মাঠে প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ ফেস্টিভ্যাল এর উদ্বোধন করবেন। উল্লেখ্য যে, ফেস্টিভ্যালে রাজশাহীর বৈচিত্র্যময় রসনাসম্ভার, আমের মেলা, ঐতিহ্যবাহী রেশম শিল্প পণ্য প্রদর্শনী, পর্যটন আকর্ষণ, ক্রাফট প্রদর্শনীসহ বর্ণিল সাংস্কৃতিক পরিবেশনা থাকবে।

শনিবার (৬ জুলাই) বেলা এগারোটায় মন্ত্রী পর্যটন মোটেল পরিদর্শন করবেন। বিকাল তিনটায় হযরত শাহ মখদুম বিমানবন্দর পরিদর্শন করবেন।

ওইদিন বিকালে মন্ত্রী ঢাকার উদ্দেশ্যে রাজশাহী ত্যাগ করবেন।

.....
তৌহিদুজ্জামান/আতিক/রুহুল/হালিম/২০২৪/১৬:০০ ঘ.